# ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
# DHAKA SOUTH CITY CORPORATION

নগর ভবন, ঢাকা।

ফোন : ৯৫৫৭১৮০-৮১, ৯৫৫৭১৮৪, ৯৫৫৭১৮৬-৮৯, ৯৫৫৮২৫৫-৫৯, ৯৫৫৮৩৫৭-৬০

E-mail: info@dscc.gov.bd www.dscc.gov.bd


উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.২০৭.০০০.১৩.০২.৮৫৫৫.২০২৩ তারিখ : ২০/০৯/২০২৩ খ্রি.

## -ঃ বিজ্ঞপ্তি ঃ-

এতদ্বারা ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্নকর্মীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, (১) ধলপুরস্থিত পরিচ্ছন্ন নিবাস শাপলা/শালুক/পলাশ এ ২৩টি ; (২) সুত্রাপুরস্থিত পরিচ্ছন্ন নিবাস আশালতা এ ৩৭টি এবং (৩) তেলেগু সম্প্রদায়ের জন্য দয়াগঞ্জ এলাকায় নবনির্মিত পরিচ্ছন্ন নিবাস ভবনে ৩৪৩টি ফ্ল্যাট বরাদ্দের নিমিত্ত আগ্রহী পরিচ্ছন্নকর্মীগণ এর নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা হচ্ছে।

## শর্তাবলী

- শুধুমাত্র সাচিবিক আদেশে নিয়োজিত দৈনিক মজুরী ভিত্তিক পরিচ্ছন্নকর্মীগণ আবেদন করতে পারবেন।
- আবেদনের সাথে ঢাদসিক'র সচিব স্বাক্ষরিত নিয়োগের আদেশ, ব্যাংক হিসাব নং, পরিচয়পত্রের ফটোকপি, পাসপোর্ট সাইজের দুই কপি ছবি জমা দিতে হবে।
- শুধুমাত্র একটি পরিচ্ছন্ন নিবাসে আবেদন করা যাবে।
- নিজ নামে, পিতা-মাতা, ছেলে-মেয়ে, স্বামী-স্ত্রীর নামে বাসা বরাদ্দ থাকলে আবেদন করা যাবে না।
- আগ্রহী প্রার্থীদেরকে আবেদন ফরম সম্পত্তি বিভাগ হতে সংগ্রহপূর্বক চাহিত কাগজপত্রসহ আবেদন ফরম আগামী ২৪/০৯/২০২৩ খ্রিঃ হতে ২৭/০৯/২০২৩ খ্রিঃ তারিখে সম্পত্তি বিভাগের (ক) জনাব মোঃ শাহাদৎ হোসেন, (খ) জনাব সাইদুল ইসলাম এর নিকট অফিস চলাকালীন জমা দিতে হবে।
- তেলেগু সম্প্রদায়ের পরিচ্ছন্নকর্মীগণকে তাদের সম্প্রদায়ভুক্তির স্বপক্ষে প্রমাণক (সভাপতি/সাধারণ সম্পাদক স্বাক্ষরিত) দাখিল করতে হবে।
- অসম্পূর্ণ কোন আবেদন গ্রহণ করা হবে না।

সম্পত্তি কর্মকর্তা
সম্পত্তি বিভাগ
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

কার্যার্থে অনুলিপি ঃ

১। বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাদসিক। (সকল পরিচ্ছন্ন পরিদর্শকের মাধ্যমে বিষয়টি পরিচ্ছন্নকর্মীবৃন্দকে অবহিতকরণের অনুরোধসহ)
২। সহকারী সচিব, প্রশাসন শাখা, ঢাদসিক। (বিজ্ঞপ্তিটি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের কেন্দ্রীয় নোটিশ বোর্ড ও সকল আঞ্চলিক নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

সদয় অবগতির জন্য অনুলিপি ঃ

১। সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
২। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
৩। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল-..................., ঢাদসিক।
৪। মেয়রের একান্ত সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)